

# **AKASHVANI (AIR)**

**RNU : KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date: 28.11.2024**

**Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর -

১) ‘ওয়াকফ সংশোধনী বিল’ সংসদে উত্থাপনের আগে কেন্দ্রীয় সরকার, রাজ্যের সঙ্গে কোনও আলোচনা করেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

# এই বিল বাতিলের দাবীতে ‘জামিয়াত উলেমায়ে হিন্দ’ আজ ধর্মতলায় প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

২/ বাংলাদেশে সাম্প্রতিক ঘটনাবলীতে তিনি ‘দুঃখিত ও মর্মাহত’ বলে, মুখ্যমন্ত্রী মন্তব্য করেছেন। # তবে, এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কিছু করার নেই। কেন্দ্র যে অবস্থান নেবে, তারা তাকেই সমর্থন করবে বলেও তিনি জানান।

# বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদে এবং চিনায়কুষও দাসের নিঃশর্ত মুক্তির দাবীতে কলকাতায় আজ ‘বঙ্গীয় হিন্দু জাগরণ মঞ্চ’-এর মিছিলকে কেন্দ্র ধূম্ফুমার কান্ড বাধে। # বিজেপি এই গ্রেপ্তারের ঘটনার তীব্র নিন্দা করে আগামী সোমবার পেট্রাপোল সীমান্তে পথ অবরোধের কথা ঘোষণা করেছে।

৩/ সরকারি সহায়ক মূল্যে ধান কেনার ক্ষেত্রে কারচুপির অভিযোগ ওঠায় রাজ্য সরকার তদন্তের নির্দেশ দিয়েছে।

৪/ ভুগলীর চুঁচুড়ায় ২০২০ সালের এক হত্যা মামলায় আদালত আজ মূল অভিযুক্ত বিশাল দাস সহ সাত জনকে ফাঁসীর আদেশ দিয়েছে।

৫/ নাগাল্যান্ডে কোচবিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে বাংলা আজ ওই রাজ্যের বিরুদ্ধে ৬'উইকেটে ২৫৮ রান করেছে।

\*\*\*\*\*

‘ওয়াকফ সংশোধনী বিল’ সংসদে উত্থাপনের আগে কেন্দ্রীয় সরকার, রাজ্যের সঙ্গে কোনও আলোচনা করেনি বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন। বিধানসভায় প্রশ্নেত্রে পর্বে আজ তৃণমূল কংগ্রেস সদস্য মোশারফ হোসেনের এক প্রশ্নের জবাবে তিনি জানান, নতুন বিলে মুসলিমদের অধিকার কেড়ে নেওয়া হয়েছে। কেন্দ্রের আনা বিল আইনে পরিণত হলে ওয়াকফ ব্যবস্থাই ধ্বংস হয়ে যাবে।

ISF সদস্য নওশাদ সিদ্দিকীর অন্য এক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, তাঁর সরকারের আমলে রাজ্যে কোনো ওয়াকফ সম্পত্তি দখল হয়নি। আগে দখল হয়ে যাওয়া বেশ কিছু সম্পত্তি ইতমধ্যে পুনরুদ্ধার করা হয়েছে।

এদিকে, ওয়াকফ সংশোধনী বিল বাতিলের দাবীতে ‘জামিয়াত উলেমায়ে হিন্দ’ আজ ধর্মতলায় প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে মুসলিম সমাজের প্রতিনিধিরা এতে অংশ নেন।

অন্যদিকে, ‘ওয়াকফ সংশোধনী বিল’ সংক্রান্ত যৌথ সংসদীয় কমিটির চেয়ারম্যান জগদস্থিকা পাল, আজ এই সংক্রান্ত রিপোর্ট পেশের সময়সীমা ২০২৫-এর বাজেট অধিবেশনের শেষ দিন বাড়ানোর প্রস্তাব লোকসভায় উত্থাপন করেন। নিম্নকক্ষে সেটি গৃহীত হয়েছে।

\*\*\*\*\*

বাংলাদেশে সাম্প্রতিক ঘটনাবলীতে তিনি ‘দুঃখিত ও মর্মাহত’ বলে, তৃণমূল কংগ্রেস নেতৃী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মন্তব্য করেছেন।

বাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসেবে হেমন্ত সোরেনের শপথ গ্রহণ অনুষ্ঠানে সেরে কলকাতায় ফিরে আজ সন্ধ্যায় বিমানবন্দরে তিনি সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, যেকোনো ধর্ম, বর্ণ, জাতির মানুষের উপর এধরণের অত্যাচার তারা সমর্থন করেন না। তবে, এই বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের কিছু করার নেই। কেন্দ্রের এব্যাপারে বাংলাদেশ সরকারের সঙ্গে কথা বলে ব্যবস্থা নেওয়া উচিত।

## ( বাইট- মমতা )

এর আগে বিধানসভায় আজ এসংক্রান্ত এক প্রশ্নের জবাবে মুখ্যমন্ত্রী বলেন, বাংলাদেশে চলতি পরিস্থিতিতে যে অবস্থান নেবে, তিনি পাশে থাকবেন। বিদেশমন্ত্রক যে পদক্ষেপ নেবে তাকে তারা সমর্থন করবেন।

তিনি বলেন, আন্তর্জাতিক বিষয়ে কেন্দ্রীয় সরকারের পাশে থাকা তাঁর সরকারের নীতি। তবে যদি ধর্মের নিরিখে কোনও মানুষের উপর অত্যাচার হয় তা নিন্দনীয়। অন্য দেশেও এরকম কোন ঘটনা ঘটলে তা সমর্থন করা যায় না। প্রতিবেশী দেশে ইসকনের সন্ন্যাসীকে গ্রেফতার করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে তিনি জানান, এ রাজ্যে ওই সংগঠনের প্রধানের সঙ্গে তাঁর কথা হয়েছে।

\*\*\*\*\*

বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের ওপর নির্যাতনের প্রতিবাদে এবং চিন্ময়কৃষ্ণ দাসের নিঃশর্ত মুক্তির দাবীতে কলকাতায় আজ ‘বঙ্গীয় হিন্দু জাগরণ মঞ্চ’-এর মিছিলকে কেন্দ্র ধূম্ফুমার কান্ড বাধে। শিয়ালদা থেকে শুরু হয়ে বাংলাদেশ ডেপুটি হাইকমিশন পর্যন্ত মিছিল যাওয়ার কথা থাকলেও, বেকবাগানের কাছে ব্যারিকেড করে তাদের পথ আটকায় পুলিশ। ব্যারিকেড ভেঙে এগোনোর চেষ্টা করলে, মধ্যের সদস্যদের সঙ্গে ধন্তাধন্তিতে এক পুলিশ কর্মীর মাথা ফাটে।

মিছিলে ছিলেন বিজেপি নেতা সজল ঘোষ, তাপস রায় প্রমুখ। দলের প্রবীণ নেতা ও প্রাক্তন সাংসদ দিলীপ ঘোষ, বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের ওপর অত্যাচার ও সন্ন্যাসীর গ্রেপ্তারের ঘটনার তীব্র নিন্দা করেছেন। পূর্ব বর্ধমানের মন্তেশ্বরে দলের সদস্য সংগ্রহ অভিযানে সাংবাদিকদের তিনি আজ বলেন, বাংলাদেশে ‘ভারত বিরোধী মৌলবাদী শক্তি’ সক্রিয়। সেখানে মাঝস্যন্যায় চলছে। সেদেশের হিন্দু ধর্মাবলম্বীরা ভারতের দিকেই তাকিয়ে রয়েছেন। প্রতিবেশী ওই দেশের আইন শৃঙ্খলা পরিস্থিতির যেভাবে অবনতি হয়েছে, তাতে সেদেশের শান্তি শৃঙ্খলা যাতে বজায় থাকে, গোটা বিশ্বেরই তা’ দেখা উচিত বলেও তিনি মন্তব্য করেন।

\*\*\*\*\*

ইসকনের সন্ন্যাসীর নিঃশর্ত মুক্তির দাবিতে বিজেপি আগামী সোমবার সকাল ১০-টা থেকে পেট্রোপোল সীমান্তে পথ অবরোধ করার কথা ঘোষণা করেছে।

সনাতনী এক্য মধ্যের পক্ষ থেকে আজ বনগাঁ শহরের বাটার মোড়ে যশোর রোড অবরোধ করে বিক্ষেপ দেখানো হয়।

চিন্ময়কৃষ্ণ দাসকে গ্রেপ্তারির প্রতিবাদে আজ শিলিঙ্গড়িতেও প্রতিবাদ মিছিল বের করা হয়। বাঘায়তীন পার্ক থেকে মহকুমা শাসকের দণ্ডের পর্যন্ত ওই পদযাত্রা শেষে স্মারকলিপিও জমা দেওয়া হয়।

পুরুলিয়া শহরেও, স্টেশন থেকে পোস্ট অফিস মোড় পর্যন্ত এক মিছিলে সামিল হন ধর্মীয় সংগঠনের পাশাপাশি অসংখ্য সাধারণ মানুষ।

কলকাতাতে ইঙ্কনের পক্ষ থেকে চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেপ্তারির ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয়েছে। ইসকন কলকাতার সহ-সভাপতি রাধারমন দাস বলেন, বাংলাদেশে সংখ্যালঘুরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। বিষয়টি নিয়ে সেদেশের সরকার যথাযথ ব্যবস্থা নেবে বলে তিনি আশা প্রকাশ করেন।

প্রদেশ কংগ্রেসের পক্ষ থেকেও আজ বালিগঞ্জ ইঙ্কন মন্দির থেকে বাংলাদেশের ডেপুটি হাইকমিশন পর্যন্ত এক মিছিল বের করা হয়। তবে বেগবাগান মোড়ে পুলিশ মিছিল আটকে দেয়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকার বলেন, বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর আক্রমণ নিয়ে বিজেপি এখানে বাগাড়ম্বর করছে। কিন্তু এদেশেও সমানভাবে ঘৃণা ও বিদ্রোহের আবহে সংখ্যালঘুরা আতঙ্কিত। মানবতার স্বার্থে অবশ্য তাঁদের দল আন্দোলন চালিয়ে যাবে।

CPIM রাজ্য সম্পাদক পলিটব্যুরোর সদস্য মহল্লদ সেলিম, ধর্মাশ্রিত রাজনীতি থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছেন।

এদিকে, বাংলাদেশ হাইকোর্ট, ইঙ্কনের সন্ন্যাসী চিন্ময়কৃষ্ণ দাসের গ্রেপ্তারি এবং তার প্রেক্ষিতে সৃষ্ট পরিস্থিতির বিষয়ে ‘হস্তক্ষেপ করতে অস্বীকার’ করেছে।

বিচারপতি ফারহা মেহেরুব এবং বিচারপতি দেবাশিস রায়চৌধুরীর বেঞ্চ আজ এব্যাপারে সরকারের গৃহীত পদক্ষেপ নিয়ে সন্তোষ প্রকাশ করেন। সেইসঙ্গে, জনগণের নিরাপত্তা এবং সম্পত্তি রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের'ও নির্দেশ দেন বেঞ্চ।

\*\*\*\*\*

সরকারি সহায়ক মূল্যে চাষীদের কাছ থেকে ধান কেনার ক্ষেত্রে কারচুপির অভিযোগ ওঠায় রাজ্য সরকার সে ব্যাপারে তদন্তের নির্দেশ দিয়েছে। মুর্শিদাবাদের সাগরদিঘির বিধায়ক বাইরন বিশ্বাস আজ রাজ্য বিধানসভায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে এই অভিযোগ জানান। মমতা ব্যানার্জি তখন মুখ্যসচিব মনোজ পন্থ কে বিষয়টি তদন্ত করে দেখার নির্দেশ দেন। এই ঘটনায় কোন সরকারি আধিকারিকের বিরুদ্ধে অভিযোগ এলে কাউকে আড়াল না করে তার বিরুদ্ধেও তদন্তের নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

উল্লেখ্য, সরকারি নিয়ম অনুযায়ী চাষীদের কাছ থেকে ধান কেনার সময় ধুলো, বালি, কাঠি বাবদ প্রতি কুইন্টালে তিন কেজি করে ধান বাদ দেওয়া হয়। কিন্তু তা বাড়িয়ে ৫ কেজি করে কেটে নেওয়া হচ্ছে বলে বিধায়ক মুখ্যমন্ত্রীর কাছে অভিযোগ করেছেন।

\*\*\*\*\*

রাজ্যে আগামী বছর থেকে ৫০ লক্ষ আলুর বীজ উৎপাদন হবে বলে সরকার জানিয়েছে। বিধানসভায় আজ কৃষি বিষয়ক স্ট্যান্ডিং কমিটির রিপোর্টের ওপরে আলোচনায় অংশ নিয়ে কৃষিমন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় বলেন, তাঁর দপ্তর সব ধরনের সতর্কতার সঙ্গেই নিজস্ব খামারে কৃত্রিম বীজ তৈরি করছে।

রাজ্য আলু বীজ উৎপাদনে দ্রুত স্বনির্ভর হবে দাবি করে কৃষি মন্ত্রী বলেন, আগামী কয়েক বছর পরে আলুর জন্যে রাজ্যকে আর পাঞ্জাবের উপরে নির্ভর করতে হবে না।

\*\*\*\*\*

আরজিকর কাণ্ডের প্রতিবাদে রাজ্যে চিকিৎসকদের আন্দোলন, কর্মবিরতি চলাকালীন স্বাস্থ্যসাথী কার্ডের অপব্যবহার হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন।

বিধানসভার প্রশ্নেত্তর পর্বে আজ স্বাস্থ্যসাথীর বরাদ্দ অপব্যবহার সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি জানান, অপ্রিয় সত্য হলেও এধরণের ঘটনা ঘটেছে। ওই সময় স্বাস্থ্য সাথী খাতে সরকারের বাড়তি খরচ হয়েছে। তবে জনগণের টাকার এই অপব্যবহার সরকার বরদান্ত করবে না বলে তিনি স্পষ্ট জানিয়ে দিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন, ওই সময় স্বাস্থ্য সাথী কার্ডের অপব্যবহার নিয়ে যথাযথভাবে তদন্ত করা হচ্ছে। দোষীদের বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

অন্যদিকে, রাজ্যের সাম্প্রতিক ট্যাব কেলেক্ষারির পিছনে জামতারা গ্যাং-এর হাত আছে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন। এবিষয়ে পুলিশের ভূমিকার প্রশংসা করে তিনি বলেন, এই কান্ডের সঙ্গে যুক্ত চক্রের সদস্যদের গ্রেফতার করা হয়েছে। নেপথ্যে থাকা অপরাধীদেরও খুঁজে বের করে কঠোর শাস্তি দেওয়া হবে। ভবিষ্যতে এধরণের দুর্নীতির পুনরাবৃত্তি আটকাতে সরকার একটি স্থায়ী ব্যবস্থাপনা তৈরি করছে। প্রতারণা আটকাতে নতুন অ্যাপ আনা হচ্ছে। যেকোনও সরকারি প্রকল্পের টাকা যাদের কাছে যাবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী জানান।

এদিকে, বিজেপি বিধায়ক শক্তির ঘোষ বলেছেন, স্বাস্থ্য সাথী নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যের সঙ্গে বাস্তবের কোনো মিল নেই। রাজ্যের বাইরে স্বাস্থ্যসাথী গ্রহণযোগ্য নয়। হাসপাতাল ও নার্সিংহোমগুলিতে এই প্রকল্পের অধীনে পরিষেবা পেতে সাধারণ মানুষকে ভোগান্তির সম্মুখীন হতে হয় বলে তাঁর আরো অভিযোগ।

\*\*\*\*\*

হগলীর চুঁচুড়ায় চার বছর আগের এক হত্যা মামলায় আদালত আজ মূল অভিযুক্ত বিশাল দাস সহ সাত জনকে ফাঁসীর আদেশ দিয়েছে। বিচারক শিব শক্তির ঘোষ, দোষী সাব্যস্ত আরো একজনকে দেওয়া হয়েছে ৭'বছরের কারাদণ্ড। গত সোমবার অভিযুক্তদের দোষী সাব্যস্ত করা হয়।

উল্লেখ্য, ২০২০-র ১১'ই অক্টোবর বিশাল ও তার সঙ্গীরা, বিষুও মাল নামে এক যুবককে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে যায়। পরে চাঁপদানি এলাকায় গলায় ফাঁস দিয়ে

নৃশংসভাবে হত্যা করে চপার দিয়ে তাঁর দেহ টুকরো টুকরো করে শেওড়াফুলি ও বৈদ্যবাটির বিভিন্ন এলাকায় ফেলে দেওয়া হয়।

প্রণয়ঘাটিত সম্পর্কের জেরেই আক্রেশবশত বিষুওকে খুনের এই ছক কষা হয় বলে জানা গেছে। দেশের বাকি অংশ উদ্ধার হলেও, মাথা পাওয়া যায়নি। দিন কুড়ি পর দক্ষিণ ২৪ পরগণার জীবনতলায় গুলি চালনার ঘটনায় গ্রেপ্তার হয় বিশাল। তাকে জেরা করে পুলিশ বৈদ্যবাটির একটি খালের ধার থেকে প্লাস্টিক মোড়া অবস্থায় কাটা মুক্ত উদ্ধার করে। দোষীদের ফাঁসীর সাজা হওয়ায় বিষুওর পরিবার সন্তোষ প্রকাশ করেছে।

\*\*\*\*\*

সুন্দরবনের জঙ্গলে হরিণ শিকারের অভিযোগে দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমার রামগঙ্গা ঘাট থেকে এক চোরা শিকারীকে গ্রেপ্তার করেছেন বনকর্মীরা। তাকে আজ কাকদ্বীপ মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়। ধৃত তপন দাস বরদাপুর এলাকার বাসিন্দা। তার কাছ থেকে ২৫ কেজির বেশী মাংস ও চামড়া উদ্ধার করা হয়েছে।

\*\*\*\*\*

কলকাতার ধর্মতলার দূরপাঞ্চার বাস স্ট্যান্ড থেকে গ্রেপ্তার জাল নেট পাচারকারী মানোয়ার শেখকে ১২ই ডিসেম্বর পর্যন্ত STF হেফাজতের নির্দেশ দেওয়া হয়েছে। তাকে আজ ব্যাঙ্কশাল আদালতে তোলা হয়।

উল্লেখ্য, আজ ভোরে কলকাতা পুলিশের (স্পেশাল টাক্স ফোর্স)- STF, মালদার কালিয়াচকের বাসিন্দা ৬৮ বছর বয়সী মানোয়ার শেখ নামে ওই ব্যক্তিকে গ্রেপ্তার করে। তার কাছ থেকে উদ্ধার হয় প্রায় ৩ লক্ষ টাকা, যেগুলি সবই ৫০০ টাকার জাল নেট।

\*\*\*\*\*

হাওড়ার বি গার্ডেনের নক্রপাড়ায় একটি বহুতল আবাসনে আজ দুপুরে একটি বহুতলের তিনতলায় ঘরে আগুন লাগে। দমকলের দুটি গাড়ি ২ ঘণ্টারও বেশী চেষ্টায়

আগুন আয়ত্তে আনে। হতাহতের কোনো খবর নেই। তবে ঘরের ভেতর আলমারি, চেয়ার, টেবিল, কাগজপত্র ইত্যাদি পুড়ে গেছে বলে দমকল সূত্রে জানা গেছে।

\*\*\*\*\*

নাগাল্যান্ডের সোভিমায় কোচবিহার ট্রফি ক্রিকেটের প্রথম দিনে বাংলা আজ নাগাল্যান্ডের বিরুদ্ধে প্রথম দিনে ছয় উইকেটে ২৫৮ রান করেছে।

সৌম্যদীপ মানা ৯৬ রানে অপরাজিত আছেন। এর আগে নাগাল্যান্ডের প্রথম ইনিংস মাত্র ৪০ রানে শেষ হয়ে যায়।

\*\*\*\*\*